

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৬১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৩. সূরাহ আস-সমাদ (আল-ইখলাস) সম্পর্কে

باب فِي سُورَةِ الصَّمَدِ

আরবী

حَدَّ ثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، أَنَّ رَجُلاً، سَمِعَ رَجُلاً، يَقْرَأُ (قُلْ هُوَ اللهُ أَحَدٌ) يُرَدِّدُهَا فَلَمَّا أَصْبَحَ جَاءَ إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَذَكَرَ ذَلِكَ لَهُ، وَكَانَ الرَّجُلُ يَتَقَالُهَا فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " وَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنَّهَا لَتَعْدِلُ ثُلُثَ الْقُرْآنِ ".

_ صحيح : خ

বাংলা

১৪৬১। আবৃ সাঈদ আল-খুদরী (রাঃ) সূত্রে বর্ণিত। একদা এক ব্যক্তি আরেক ব্যক্তিকে বারবার সূরাহ 'কুল হুওয়াল্লাহু আহাদ' পাঠ করতে শুনে ঘটনাটি ভোর বেলায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিকট এসে উল্লেখ করলো। লোকটি যেন এ সূরাহ বারবার পাঠ করাকে তুচ্ছ মনে করলো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ঐ সন্তার শপথ, যার হাতে আমার প্রাণ! এ সূরাহটি পুরো কুরআনের এক-তৃতীয়াংশের সমান।[1]

সহীহ: বুখারী।

English

Abu Sa'id al-Khudri said:

A man heard another man reciting "Say, He is Allah, One" He was repeating it. When the next morning came, he went to the Messenger of Allah (ﷺ) and mentioned to him. The man tool it (this surah) as a small one. The Prophet (ﷺ) said: By Him in Whose Hand is my life, it is equivalent to a third of the



Qur'an.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : ফাযায়িলি কুরআন, অনুঃ সূরাহ ইখলাসের ফাযীলাত, হাঃ ৫০১৩), নাসায়ী (অধ্যায় : ইফতিতাহ, অনুঃ সূরাহ ইখলাসের ফাযীলাত, হাঃ ৯৯৪), মালিক (অধ্যায় : কুরআন, অনুঃ সূরাহ ইখলাসের ফাযীলাত, হাঃ ১৭), আহমাদ (৩/৯৩) সকলে মালিক হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন